প্রকৃতি প্রত্যয়-০১

তানহি খান তানহা

বিগত বছরের প্রশ্ন

৪৬ বিসিএস- কোনটি প্রত্যয় সাধিত শব্দ?

৪৫ বিসিএস- কৃদন্ত পদের পুর্ব পদকে কী বলে?

৪১ বিসিএস- প্রচুর+য = প্রাচুর্য কোন প্রত্যয়?

৪০ বিসিএস- বাংলা কৃৎ প্রত্যয় সাধিত শব্দ কোনটি?

৪০ বিসিএস- সর্বাঙ্গীণ শব্দের প্রকৃতি প্রত্যয়?

৪২ বিসিএস- কৃষ্টি শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয়?

৩৮ বিসিএস- শ্রদ্ধা শব্দের প্রকৃতি প্রত্যয়

৩৮ বিসিএস- বাংলা কৃৎ প্রত্যয় সাধিত শব্দ

৩৬ বিসিএস- নিচের কোন শব্দটি প্রত্যয়যোগে হয়নি?

৩৫ বিসিএস- নিচের কোন শব্দটি প্রত্যয় সাধিত?

P2A

প্রকৃতি প্রত্যয়

সরকারি

লেখক

প্রকৃতি

শব্দমূল বা শব্দের যে অংশকে আর ভাঙা যায় না, তাকে প্রকৃতি বলে।

অর্থাৎ

প্রত্যয় যুক্ত প্রতিটি মৌলিক শব্দ তথা প্রত্যয় যুক্ত প্রতিটি প্রাতিপদিক ও ধাতুই একেকটি প্রকৃতি। প্রকৃতি ২ প্রকার

নাম প্রকৃতি: প্রাতিপদিকের সঙ্গে প্রত্যয় যুক্ত হলে প্রাতিপদিকটিকে নাম প্রকৃতি বলে। যেমন পাগল, চোর এগুলো নাম প্রকৃতি।

ক্রিয়া প্রকৃতি: ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হলে ধাতুটিকে ক্রিয়া প্রকৃতি বলে। যেমন √পড়, √নাচ, √জিত- এগুলো ক্রিয়া প্রকৃতি।

প্রত্যয়

প্রকৃতির পরে যে বর্ণ বা বর্ণ সমষ্টি যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে। প্রত্যয় ২ প্রকার।

কৃৎ প্রত্যয় : ক্রিয়া প্রকৃতির সঙ্গে যেই প্রত্যয় যুক্ত হয়, তাকে কৃৎ প্রত্যয় বলে। যেমন- পড়ুয়া শব্দে '√পড়'-এর সঙ্গে যুক্ত হওয়া 'উয়া', কৃৎ প্রত্যয়। কৃৎ প্রত্যয় সাধিত পদটিকে বলা হয় কৃদন্ত পদ।

তদ্ধিত প্রত্যয় : নাম প্রকৃতির সঙ্গে যেই প্রত্যয় যুক্ত হয়, তাকে তদ্ধিত প্রত্যয় বলে। তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দকে তদ্ধিতান্ত পদ বলে

ধাতু চিহ্ন

বাংলা ব্যাকরণে ধাতু চিহ্নিত করার জন্য একটি আলাদা ব্যাকরণিক চিহ্ন (✓) ব্যবহৃত হয়। একে বলা হয় ধাতু চিহ্ন। অর্থাৎ ✓পড় মানে ‘পড়’ ধাতু।

গুণ, বৃদ্ধি ও সম্প্রসারণ, ইৎ বা অনুবন্ধ, টি, উপধা

√পঠ্ + ণক =

- অভ্যন্তর-
- তৎক্ষণ-

গুণ-বৃদ্ধি

- অভ্যন্তর-
- প্রত্যহ-
- তৎক্ষণ-
- ভূগোল-
- উপন্যাস-

বৃদ্ধি

ঐ= ই/ঈ

ঔ=উ/ঊ

আ=অ

আর= ঋ

গুণ, বৃদ্ধি ও সম্প্রসারণ

গুণ	বৃদ্ধি	সম্প্রসারণ
১. 'ই', 'ঈ'-এর স্থানে 'এ' হয়। যেমন: √চিন্ + আ = চেনা, √নী + আ = নেওয়া।	১. 'ই', 'ঈ'-এর স্থানে 'ঐ' হয়। যেমন: শিশু + অ (ষ্ণ)= শৈশব, নিশা + অ = নৈশ।	১. 'ব'-এর স্থানে 'উ' হয়। যেমন: √বচ্ + ত = উক্ত।
২. উ, ঊ-এর স্থানে 'ও' হয়। যেমন: √ধু + আ = ধোয়া, √মুদ্ + ণিচ্ + অক্ = মোদক।	২. উ, ঊ-এর স্থানে 'ঔ' হয়। যেমন: যুব + অন = যৌবন, ভূত + ইক ভৌতিক।	২. 'র'-এর স্থানে 'ঋ' হয়। যেমন: √গ্রহ্ + ত = গৃহীত।
৩. 'ঋ'-এর স্থানে 'অর' হয়। যেমন: √কৃ + তৃ = কর্তা, কৃ + অন = করণ।	৩. 'ঋ'-এর স্থানে 'আর' হয়। যেমন: স্মৃতি + অক = স্মারক, √ধৃ + অক = ধারক	৩. 'য'-এর স্থানে 'ই' হয়। যেমন: √যজ্ + তি = ইষ্টি।
	৪. 'অ'-এর স্থানে 'আ' হয়। যেমন: √পচ্ + অক (ণক) = পাচক।	

অপশ্রুতি

- প্রত্যয় যুক্ত হলে ধাতু বা শব্দের মধ্যে কোন কোন ক্ষেত্রে স্বরগত কিছু পরিবর্তন ঘটে।

- এগুলো হলো, গুণ, বৃদ্ধি, সম্প্রসারণ

- এ তিনটিকে একত্রে অপশ্রুতি বলা হয়।

ইৎ/অনুবন্ধ, টি, উপধা

ইৎ বা অনুবন্ধ	টি	উপধা
প্রত্যয়ের সঙ্গে অনেক সময় বাড়তি কিছু বর্ণ থাকে, যেগুলো ধাতু বা শব্দের সঙ্গে যুক্ত হয় না, অর্থাৎ শব্দ সাধিত হওয়ার সময় প্রত্যয়ের বাড়তি অংশ লোপ পায়, এই লোপকে ইৎ বা অনুবন্ধ বলে।	ধাতুর প্রথম ধ্বনির পরবর্তী ধ্বনিসমষ্টিকে 'টি' বলে। অর্থাৎ ধাতুকে বিশ্লেষণ করলে যে ধ্বনি পাওয়া যায় ওই ধ্বনিগুলোর প্রথম ধ্বনি ছাড়া বাকি ধ্বনিগুলোকে একত্রে 'টি' বলে।	শব্দ বা ধাতুর শেষ ধ্বনির আগের ধ্বনিকে উপধা বলে। অর্থাৎ ধাতুকে বিশ্লেষণ করলে যে বর্ণগুলো পাওয়া যায় সেই বর্ণগুলোর শেষ বর্ণের ঠিক আগের বর্ণটিই হলো উপধা।
পাঠক = পঠ্ + ণক (প্রত্যয় 'ণক' = ণ+ক। এখানে ণ হলো ইৎ বা অনুবন্ধ।	পাঠক = পঠ্ + ণক (ধাতু ‘পঠ্’ = প্+অ+ঠ্। এখানে অঠ্ হলো টি। যা ধাতু থেকে নির্ণয় করেছি)	পাঠক = পঠ্ + ণক (ধাতু ‘পঠ্’ = প্+অ+ঠ্। এখানে অ হলো উপধা।

মৌলিক ধাতু

বাংলা ধাতু: কাট্, কাঁদ, জান, নাচ্, আঁক্, কর্, কিন্, কহ্, খা, গড়্, ঘষ্, বাঁধ, বুঝ, থাক্, শুন্, রাখ্, হাস্, দেখ, ধর্, পড়্।

সংস্কৃত ধাতু: অঙ্ক্, কথ্, কৃৎ, ক্রন্দ্, রক্ষ্, কৃ, ঘৃষ, দৃশ, ধৃ, ক্রী, শ্রু, খাদ্, গঠ্, বন্ধ্, বুধ্, স্থা, হস্।

বিদেশি ধাতু: আঁট, খাট্, চেঁচ, জম্, ঝুল্, টান, টুট্, ডর, লটক, ঠেল, ভিজ, জম, ফির, ডাক, চাহ, বিগর, ডর।

আট খাট ঝুল টুট।

ফিরে মাগে ভিজে বিগড়

জমকে চেহে চেঁচিয়ে ডরে

টেনে লটকে ঠেলে ডাকে

ধাতু নির্ণয় (ক্রিয়ামূল)

বলা সংক্রান্ত: √বচ (বচন, বচনীয় , বাচ্য, বাচক, বক্তা, বক্তব্য, উক্ত)

দেখা সংক্রান্ত: √দৃশ (দর্শন, দর্শনীয়, দর্শক, দৃশ্য, দৃশ্যমান, দৃষ্ট, দৃষ্টি, দৃষ্টান্ত, দ্রষ্টা, দ্রষ্টব্য, দর্শী)

শুনা সংক্রান্ত: √শ্রু (শ্রব্য, শ্রবণ, শ্রবণীয়, শ্রাব্য, শ্রাবণ, শ্রত, শ্রুত, শ্রুতি, শ্রোতৃ, শ্রোত্রী)

চলা সংক্রান্ত: √চল (চলক, চালক, চলন, চলনীয়, চলন্ত, চলি, চলিতব্য, চলমান, চলা, চলিত)

গমন সংক্রান্ত: √গম (গমন, গমনীয়, গন্তব্য, গত, বিগত, গতি, গামী)

পড়া সংক্রান্ত: √পঠ (পাঠ্য, পাঠক, পঠন, পঠনীয়, পঠিত, পঠিতব্য)

করা সংক্রান্ত: √কৃ (করণ, করণীয়, কর্তব্য, কর্তা, কর্তৃ, কর্ম, কার্য, কারক, কৃতি, কৃত্রিম, ক্রিয়া)।

সৃষ্টি সংক্রান্ত: √সৃজ (সৃষ্ট, সৃষ্টি, স্রষ্টা, স্রষ্টব্য, সৃজন)

মোচন করা সংক্রান্ত: √মুচ (মুক্ত, মুক্তা, মুক্তি, মোচ, মোচক)

কৃৎ প্রত্যয়

২ প্রকার

- বাংলা কৃৎ প্রত্যয়
- সংস্কৃত কৃৎ প্রত্যয়।

বাংলা কৃৎ প্রত্যয়

ইয়া আই উ আল আরি না উয়া আও

অন্ত ই অক

অ অন অনা অনি

আ আন আনি

তা তি

খাঁটি বাংলা কৃৎ প্রত্যয় মনে রাখার টেকনিক

টেকনিক-১: শব্দের শেষে 'অ' থাকলে ধাতু অ হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে।

শর্টকাট: অ = অ

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ঝুল	√ঝুল্ + অ	দুল	√দুল্ + অ	ফোঁড়	√ফুঁড়্ + অ
বাঁধ	√বাঁধ্ + অ	ডাক	√ডাক্ + অ	কাঁদ	√কাঁদ্ + অ
খেল	√খেল্ + অ	খোঁজ	√খুঁজ্ + অ	মর	√মর্ + অ

শব্দের শেষে 'অক' যুক্ত হলে ধাতু + অক (বিশেষ্য) হবে। **শর্টকাট: অক = অক**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
মোড়ক	√মুড়্ + অক	ঝলক	√ঝল্ + অক	চড়ক	√চড়্ + অক

শব্দের শেষে 'অন' থাকলে ধাতু অন হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। **শর্টকাট: অন = অন**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
নাচন	√নাচ্ + অন	বলন	√বল্ + অন	থাকন	√থাক্ + অন
চলন	√চল্ + অন	বাঁধন	√বাঁধ + অন	ঝাড়ন	√ঝাড়্ + অন
দেখন	√দেখ + অন	কাঁদন	√কাঁদ্ + অন		

শব্দের শেষে 'অনা' থাকলে ধাতু অনা হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। **শর্টকাট: অনা/না = অনা/না**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
খেলনা	√খেল্ + অনা	রান্না (রাঁধনা)	√রাধ্ + অনা
দোলনা	√দুল্ + অনা	ঢাকনা	√ঢাক্ + অনা
বাজনা	√বাজ্ + অনা	পাওনা (পাঅনা)	√পা + অনা
কান্না (কাঁদনা)	√কাঁদ্ + না	বাটনা	√বাট্ + না

শব্দের শেষে 'অন্ত'/অন্তি/উন্তি থাকলে ধাতু + অন্ত/অন্তি/উন্তি হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি বিশেষণ হবে। **শর্টকাট: অন্ত/অন্তি/উন্তি = অন্ত/অন্তি/উন্তি**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ফুটন্ত	√ফুট্ + অন্ত	ঝুলন্ত	√ঝুল + অন্ত	উঠুন্তি	√উঠ্ + উন্তি
চলন্ত	√চল্ + অন্ত	বাড়ন্ত	√বাড়্ + অন্ত	উঠন্তি	√উঠ্ + অন্তি
উড়ন্ত	√উড়্ + অন্ত	ডুবন্ত	√ডুব্ + অন্ত	পড়ন্ত	√পড়্ + অন্ত
ভাসন্ত	√ভাস্ + অন্ত	জীবন্ত	√জীব্ + অন্ত	নাচুন্তি	√নাচ্ + উন্তি

শব্দের শেষে 'আ' থাকলে ধাতু + আ হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। **শর্টকাট: আ = আ**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
খাওয়া	√খা + আ	যাওয়া	√যা + আ	বাঁধা	√বাঁধ + আ
পাওয়া	√পা + আ	চাওয়া	√চা + আ	ওঠা	√উঠ্+আ
বলা	√বল + আ	দেখা	√দেখ + আ	করা	√কর+আ
শোনা	√শুন্ + আ	বসা	√বস্ + আ	কাটা	√কাট্ + আ
রাঁধা	√রাধ + আ	জানা	√জান্ + আ		

শব্দের শেষে 'আই' যুক্ত হলে ধাতু আই হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। **শর্টকাট: আই = আই**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
লড়াই	√লড়্ + আই	চড়াই	√চড়্ + আই	মাড়াই	√মাড়্ + আই
সেলাই	√সেল্ + আই	ঢালাই	√ঢাল্ + আই	ঝাড়াই	√ঝাড়্ + আই
যাচাই	√যাচ্ + আই	বাছাই	√বাছ্ + আই	খোদাই	√খুদ্ + আই
ঝালাই	√ঝাল্ + আই	-	-	-	-

শব্দের শেষে 'আইত' যুক্ত হলে ধাতু আইত হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। শর্টকাট: **আইত = আইত**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ডাকাইত	√ডাক + আইত	বাজাইত (বায়েন অর্থে)	√বাজ + আইত

শব্দের শেষে 'আও' যুক্ত হলে ধাতু আও হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। শর্টকাট: **আও = আও**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
চড়াও	√চড়্ + আও	ফলাও	√ফল্ + আও	পিটাও	√পিট্ + আও
ঘিরাও (ঘেরাও)	√ঘির্ + আও	করাও	√কর্ + আও	বাড়াও	√বাড়্ + আও
ছাড়াও	√ছাড়্ + আও	ঢালাও	√ঢাল্ + আও	পাকড়াও	√পাকড়্ + আও
মাড়াও	√মাড়্ + আও		-	-	-

শব্দের শেষে 'আকু' যুক্ত হলে ধাতু আকু হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি বিশেষণ হবে। **আকু = আকু**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
লড়াকু	√লড়্ + আকু	উড়াকু (উড়ুকু)	√উড়্ + আকু

শব্দের শেষে 'আন' যুক্ত হলে ধাতু আন হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। **শর্টকাট: আন = আন**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
জানান	√জানা + আন	করান	√করা + আন	চালান	√চালা + আন
পড়ান	√পড়া + আন	শোয়ান	√শোয়া + আন	মানান	√মানা + আন

শব্দের শেষে 'আনি' যুক্ত হলে ধাতু + আনি হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। **শর্টকাট: আনি = আনি**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
শুনানি	√শুন + আনি	উড়ানি	√উড়্ + আনি	রাঙানি	√রাঙ্ + আনি
ভাঙানি	√ভাঙ্ + আনি	চালানি	√চাল্ + আনি	নিড়ানি	√নিড়্ + আনি
চ্যাঁচানি	√চেঁচ্ + আনি	লাগানি	√লাগ্ + আনি	জানানি	√জান্ + আনি
ঝাঁকানি	√ঝাঁক্ + আনি	-	-	-	-

শব্দের শেষে 'আনো' যুক্ত হলে ধাতু + আনো হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। **শর্টকাট: আনো = আনো**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
জানানো	√জানা + আনো	করানো	√করা + আনো
পড়ানো	√পড়া + আনো	শোয়ানো	√শোয়া + আনো

শব্দের শেষে 'আরি' থাকলে ধাতু। আরি হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। **শর্টকাট: আরি = আরি**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
পূজারি	√পূজ + আরি	ধুনারি	√ধুন্ + আরি
ডুবারি	√ডুব্ + আরি	কাটারি	√কাট্ + আরি

১৫। শব্দের শেষে 'আল' থাকলে ধাতু + আল হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। **শর্টকাট: আল = আল**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
রাখাল	√রাখ্ + আল	মাতাল	√মাত্ + আল
জাঁকাল	√জাঁক্ + আল	মিশাল	√মিশ্ + আল

শব্দের শেষে 'ই' যুক্ত হলে ধাতু ই (বিশেষ্য) হবে। যেমন:

শর্টকাট: ই = ই

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ছুটি	√ছুট্ + ই	ফাঁসি	√ফাঁস্ + ই	বেড়ি	√বেড়্ + ই
কাশি	√কাশ্ + ই	ভাজি	√ভাজ্ + ই	হাঁচি	√হাঁচ্ + ই

১৭। শব্দের শেষে 'ইয়ে' যুক্ত হলে ধাতু ইয়ে হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি বিশেষ্য ও বিশেষণ হবে। **শর্টকাট: ইয়ে = ইয়ে**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
খাইয়ে	√খা + ইয়ে	বলিয়ে	√বল্ + ইয়ে	লিখিয়ে	√লিখ্ + ইয়ে
মরিয়ে	√মর্ + ইয়ে	নাচিয়ে	√নাচ্ + ইয়ে	বাজিয়ে	√বাজ্ + ইয়ে

১৮। শব্দের শেষে 'উ' যুক্ত হলে ধাতু+ উ হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি বিশেষ্য ও বিশেষণ হবে। **শর্টকাট: উ = উ**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ডাকু	√ডাক্ + উ	নাড়ু	√নাড়্ + উ
উড়ু	√উড়্ + উ	ঝাড়ু	√ঝাড়ু + উ

১৯। শব্দের শেষে 'উনি' থাকলে ধাতু+ উনি হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি ক্রিয়াবিশেষ্য হবে। **শর্টকাট: উনি = উনি**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
রাঁধুনি	√রাঁধ্ + উনি	নাচুনি	√নাচ্ + উনি
ছাউনি	√ছা + উনি	চিরুনি	√চির্ + উনি
হাসুনি	√হাস্ + উনি	চালুনি	√চাল্ + উনি

২০। শব্দের শেষে 'উয়া' যুক্ত হলে ধাতু + উয়া হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি বিশেষ্য ও বিশেষণ হবে। **শর্টকাট: উয়া = উয়া**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
খাউয়া	√খা + উয়া	পড়ুয়া	√পড়্ + উয়া
উড়ুয়া (উড়ো)	√উড়্ + উয়া	যাউয়া	√যা + উয়া

২১। শব্দের শেষে 'ওয়া' যুক্ত হলে ধাতু ওয়া হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি বিশেষণ হবে। **শর্টকাট: ওয়া = ওয়া**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
বাঁচোয়া	√বাঁচ্ + ওয়া	লাগোয়া	√লাগ্ + ওয়া

২২। শব্দের শেষে 'তা' যুক্ত হলে ধাতু তা হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি বিশেষণ হবে। **শর্টকাট: তা = তা**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ফিরতা (ফেরতা)	√ফির্ + তা	পড়তা	√পড়্ + তা
বহতা	√বহ্ + তা	-	-

শব্দের শেষে 'তি' যুক্ত হলে ধাতু তি হবে। সাধিত শব্দটি বা কৃদন্ত পদটি বিশেষ্য ও বিশেষণ হবে। **শর্টকাট: তি = তি**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ঘাটতি	√ঘাট্ + তি	বাড়তি	√বাড়্ + তি
কাটতি	√কাট্ + তি	উঠতি	√উঠ্ + তি

সংস্কৃত কৃৎ প্রত্যয়

অনট্	ক্ত/ত	ক্তি/তি	তব্য	অনীয়
ণক	ঘ্যণ	য	ইন্	অল্
ইষ্ণু	বর	র	উক/ঊক	শানচ্
		ঘঞ		

সংস্কৃত কৃৎ প্রত্যয়। অক = ণক

শব্দের শেষে যদি **অক** থাকে তাহলে সেটা **ণক(অক)** হবে

অক = ণক

পাঠক= √পঠ্ + অক (ণক)

লেখক= √লিখ্ + ণক (অক)

শব্দের শেষে 'অক' থাকলে অক/ণক হবে।

শর্টকাট: অক = অক/ণক

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
কারক	√কৃ + অক/ণক	বাহক	√বহ্ + অক/ণক	সম্পাদক	সম+পদি + অক/ণক
দর্শক	দৃশ্ + অক/ণক	নর্তক	√নৃৎ + অক/ণক	নাশক	নাশ্ + অক/ণক
জনক	√জন্ + ণিচ/অক	নিন্দক	√নিন্দ্ + অক/ণক	শিক্ষক	শিক্ষ + ণিচ্ + অক/ণক
গায়ক	গৈ + অক/ণক	ঘাতক	হন্ + অক/ণক	কৃষক	কৃষ্ + অক/ণক
লেখক	√লিখ্ + অক/ণক	পূজক	পূজ্ + অক/ণক	স্তাবক	√স্তু + অক/ণক
হিংসক	হিন্স্ + অক/ণক	নায়ক	√নী + অক/ণক	পাচক	√পচ্ + অক/ণক
বিধায়ক	বি + √ধা + অক/ণক	গ্রাহক	গ্রহ্ + অক/ণক	সেবক	√সের্ + অক/ণক
রজক	রন্জ + অক/ণক			স্মারক	√স্মৃ + অক/ণক

সংস্কৃত কৃৎ প্রত্যয়

শব্দের শেষে **অন**
থাকলে **অনট** হয়

শ্রবণ=

নয়ন=

শব্দের শেষে অন থাকলে অন/অনট্ হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষ্য হবে। শর্টকাট: অন = অন/অনট্

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
দর্শন	√দৃশ্ + অন/অনট্	চলন	√চল্ + অন/অনট্	সাধন	√সাধু + অন/অনট্
বচন	√বচ্ + অন/অনট্	শ্রবণ	√অশ্রু + অন/অনট্	বর্ধন	√বৃধ + অন/অনট্
দান	√দা + অন/অনট্	ভ্রমণ	√ভ্রম্ + অন/অনট্	করণ	√কৃ + অন/অনট্
স্থান	√স্থা + অন/অনট্	গমন	√গম্ + অন/অনট্	তপন	√তপ্ + অন/অনট্
নয়ন	√নী + অন/অনট্	ভোজন	√ভুজ + অন/অনট্	শয়ন	√শী + অন/অনট
নর্তন	√নৃৎ + অন/অনট্	পতন	√পৎ + অন/অনট্	নন্দন	√নন্দ+ই+ অন/অনট্
কাঁদন	√কাঁদ্ + অন/অনট্	স্মরণ	√স্মৃ + অন/অনট্		

সংস্কৃত কৃৎ প্রত্যয়।

শব্দের শেষে য়/অয় থাকলে অল হবে

য়/অয়= অল (অচ্)

ভয় = √ভী + অল (অচ্)

জয়= √জি + অল (অচ্)

বিজয় = বি +

বিনয় = বি + √নী + অল

শব্দের শেষে অয় থাকলে অ/অল হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষ্য হবে। শর্টকাট অয় = অ/অল

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
জয়	√জি + অ/অল	বিজয়	বি + √জি + অ/অল
ক্ষয়	√ক্ষি+ অ/অল	বিলয়	বি + √লি + অ/অল
ভয়	√ভী + অ/অল	বিনয়	বি + √নী + অ/অল

সংস্কৃত কৃৎ প্রত্যয়।

শব্দের শেষে ত হলে ত/ক্ত আর তি হলে তি/ক্তি হবে।

ত = ক্ত/ত

তি = ক্তি/তি

জ্ঞাত= √জ্ঞা + ক্ত (ত)

খ্যাত= √খ্যা + ক্ত (ত)

মুক্তি= √মুচ্ + ক্তি (তি)

ভক্তি= √ভজ্ + ক্তি (তি)

শব্দের শেষে ত/ক্ত/ত্ত/ন্ত/দ্ধ/গ্ন/গ্ধ/প্ত/ন্ন/ন্ধ/ষ্ট থাকলে ত/ক্ত হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষ্য/বিশেষণ হবে। শর্টকাট: ত/ক্ত/ত্ত/ন্ত/দ্ধ/গ্ন/গ্ধ/ন্ন/প্ত/ব্ধ/ষ্ট = ত/ক্ত

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
জাত	√জন্ + ত/ক্ত	যুক্ত	√যুজ্ + ত/ক্ত	সুপ্ত	√স্বপ্ + ত/ক্ত
কৃত	√কৃ+ত/ক্ত	ভগ্ন	√ভন্জ্ + ত/ক্ত	লব্ধ	√লভ্ + ত/ক্ত
রত	√রম্ + ত/ক্ত	মগ্ন	√মস্জ্ + ত/ক্ত	দৃষ্ট	√দৃশ্ + ত/ক্ত
খ্যাত	√খ্যা + ত/ক্ত	লীন	√লী + ত/ক্ত	ভ্রষ্ট	√ভ্রন্শ্ + ত/ক্ত
জ্ঞাত	√জ্ঞা + ত/ক্ত	দগ্ধ	√দহ্ + ত/ক্ত	নষ্ট	√নশ্ + ত/ক্ত
দত্ত	√দা + ত/ক্ত	রুগণ	√রুজ্ + ত/ক্ত	অধ্যুষিত	অধি + √বস্ + ত/ক্ত
শান্ত	√শম্ + ত/ক্ত	দীন	√দী + ত/ক্ত	ইষ্ট	√ইষ্ + ত/ক্ত
শ্রুত	√শ্রু+ত/ক্ত	তৃপ্ত	√তৃপ্ + ত/ক্ত		

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
যুদ্ধ	√যুধ্+ ত/ক্ত	উক্ত	√বচ্ + ত/ক্ত
সৃষ্ট	√সৃজ্ + ত/ক্ত	সিক্ত	√সিচ্ + ত/ক্ত
হত	√হন্ + ত/ক্ত	দুগ্ধ	√দুহ্ + ত/ক্ত
ধৃত	√ধৃ + ত/ক্ত	ভিন্ন	√ভিদ্ + ত/ক্ত
গত	√গম্ + ত/ক্ত	উপ্ত	√বপ্ + ত/ক্ত
শ্রুত	√শ্রু + ত/ক্ত	মুগ্ধ	√মুহ্ + ত/ক্ত
গ্রথিত	√গ্রন্থ + ত/ক্ত	মত্ত	মদ্ + ত/ক্ত

শব্দের শেষে তি/ক্তি/ন্তি/প্তি/ষ্টি থাকলে তি/ক্তি হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষ্য/বিশেষণ হবে।শর্টকাট: তি/ক্তি/ন্তি/প্তি/ষ্টি = তি/ক্তি

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
মতি	√মন্ + তি/ক্তি	গতি	√গম্ + তি/ক্তি	সৃষ্টি	√সৃজ + তি/ক্তি
স্মৃতি	√স্মৃ + তি/ক্তি	বৃষ্টি	√বৃষ্ + তি/ক্তি	ভুক্তি	√ভুজ্ + তি/ক্তি
খ্যাতি	√খ্যা + তি/ক্তি	শ্রুতি	√শ্রু + তি/ক্তি	দৃষ্টি	√দৃশ্ + তি/ক্তি
স্থিতি	√স্থা + তি/ক্তি	জ্ঞাতি	√জ্ঞা + তি/ক্তি	পুষ্টি	√পুষ্ + তি/ক্তি
যুক্তি	√যুজ্ + তি/ক্তি	ভক্তি	√ভজ্ + তি/ক্তি	শ্রান্তি	√শ্রম্ + তি/ক্তি
উক্তি	√বচ্ + তি/ক্তি	মুক্তি	√মুচ্ + তি/ক্তি	শান্তি	√শম্ + তি/ক্তি
তৃপ্তি	√তৃপ্ + তি/ক্তি	দীপ্তি	√দীপ্ + তি/ক্তি		

শব্দের শেষে ইত থাকলে ত হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষণ হবে। **শর্টকাট: ইত = ত**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
পঠিত	√পঠ্ + ত	মিলিত	√মিল্ + ত	যাচিত	√যাচ্ + ত
কুণ্ঠিত	√কুণ্ঠ + ত	গলিত	√গল্ + ত	রক্ষিত	√রক্ষ্ + ত
কম্পিত	√কম্প্ + ত	বলিত	√বল্ + ত	নিন্দিত	√নিন্দ্ +ত
চুম্বিত	√চুম্ব্ +ত	বাঞ্ছিত	√বাঞ্ছ + ত	চর্চিত	√চর্চ্ + ত
লুণ্ঠিত	√লুণ্ঠ্ + ত	পতিত	√পত্ + ত	স্পন্দিত	√স্পন্দ্ + ত
লিখিত	√লিখ্ + ত	চলিত	√চল্ + ত	গ্রন্থিত	√গ্রন্থ + ত
শঙ্কিত	√শঙ্ক্ + ত	লঙ্ঘিত	√লঙ্ঘ্ + ত		

সংস্কৃত কৃৎ প্রত্যয়

শর্টকাট- **এয় = য**

হেয়=

পরিমেয়=

অনুমেয়

অজেয়

শব্দের শেষে এয় থাকলে য় হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষণ হবে। **শর্টকাট: এয় = য়**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
হেয়	√হা + য়	দেয়	√দা + য়	বিধেয়	বি+√ধা + য়
পরিমেয়	পরি + √মা + য়	অনুমেয়	অনু + √মা+য়	অজেয়	অ + √জি + য়

সংস্কৃত কৃৎ প্রত্যয়।

শব্দের শেষে তা বা ধা থাকলে তৃচ হয়

তা/ধা = তৃচ

ক্রেতা=

মাতা=

দাতা=

শব্দের শেষে তা থাকলে তৃ/তৃচ হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষ্য হবে।

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
কর্তা	√কৃ + তৃ/তৃচ	দাতা	√দা + তৃ/তৃচ	শ্রোতা	√শ্রু + তৃ/তৃচ
পিতা	√পা + তৃ/তৃচ	মাতা	√মা + তৃ/তৃচ	গ্রহীতা	√গ্রহ্ + তৃ/তৃচ
ক্রেতা	√ক্রী + তৃ/তৃচ	বিক্রেতা	বি+√ক্রী + তৃ/তৃচ	নেতা	√নী + তৃ/তৃচ
ভর্তা	√ভৃ + তৃ/তৃচ	-	-	-	-
বিশেষ নিয়ম: যোদ্ধা = √যুধ্ + তৃচ					

সংস্কৃত কৃৎ প্রত্যয়।

শব্দের শেষে মান থাকলে **শানচ** হবে

মান = শানচ্ (মান)

দৃশ্যমান = √দৃশ্ + শানচ্

চলমান = √চল্ + শানচ্

দীপ্যমান = √দীপ্ + শানচ্

বর্তমান = √বৃৎ + শানচ্

শব্দের শেষে মান থাকলে শানচ্ হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষণ হবে। **শর্টকাট: মান = শানচ্**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
বর্তমান	√বৃৎ + শানচ্	চলমান	√চল্ + শানচ্	দৃশ্যমান	√দৃশ্ + শানচ্
বর্ধমান	√বৃধ্ + শানচ্	দীপ্যমান	√দীপ্ + শানচ্	ভ্রাম্যমাণ	√ভ্রাম্য + শানচ্

শব্দের শেষে য বা য ফলা থাকলে ঘ্যণ হবে

সংস্কৃত কৃৎ প্রত্যয়

য/য ফলা= ঘ্যণ

কার্য=

ধার্য=

শব্দের শেষে য/য-ফলা থাকলে য হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষণ হবে।

শর্টকাট: য/য-ফলা য/ঘ্যণ

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ধার্য	√ধৃ + য/ঘ্যণ	কার্য	√কৃ+ য/ঘ্যণ	নাব্য	√নৌ + য/ধ্যণ
লভ্য	√লভ্ + য/ঘ্যণ	বাহ্য	√বহ্ + য/ঘ্যণ	দৃশ্য	√দৃশ্ + য/যাণ
ভোজ্য	√ভুজ্ + য/ঘ্যণ	বাচ্য	√বচ্ + য/ঘ্যণ	হাস্য	√হাস্ + য/ধাণ
শয্যা	√শী + য/ঘ্যণ + আ	বিদ্যা	√বিদ্ + য/ঘ্যণ + আ	পাঠ্য	√পঠ্+ য/যান
সহ্য	√সহ্ + য/ঘ্যণ	যোগ্য	√যোগ + য/ঘ্যণ	কৃত্য	√কৃ+ য/ঘ্যণ
চর্যা	√চর্ + য/ঘ্যণ + আ	ভৃত্য	√ভৃ + য/ঘ্যণ	দীপ্য	√দীপ্ + য/ঘাণ
গম্য	√গম্ + য/ঘ্যণ	ব্যতিক্রম: পেয় = পা+য/ঘ্যণ			

সংস্কৃত কৃৎ প্রত্যয়

শব্দের শেষে ঈ-কার থাকলে ইন্ হবে

শ্রমী= √শ্রম + ইন্

স্থায়ী

গ্রাহী= √গ্রহ + ইন্

জয়ী= √জি + ইন্

শব্দের শেষে ঈ-কার থাকলে ইন্ হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষণ হবে। **শর্টকাট: ঈ = ইন্**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
দায়ী	√দা + ইন্	জয়ী	√জি + ইন	শ্রমী	√শ্রম্ + ইন
গামী	√গম্ + ইন্	বাদী	√বদ্ + ইন্	ঘাতী	√হন্ + ইন্
যোগী	√যুজ্ + ইন	স্থায়ী	√স্থা + ইন	ভাবী	√ভূ + ইন
গ্রাহী	√গ্রহ্ + ইন	পায়ী	√পা + ইন	দমী	√দমি্ + ইন্

সংস্কৃত কৃৎ প্রত্যয়।

শব্দের শেষে উ, **উক, ঊক, তব্য, অনীয়** থাকলে পরিবর্তন হবেনা।

জাগরূক=

ভাবুক=

তব্য

কর্তব্য=

অনীয়

করণীয়=

ভিক্ষু=

শব্দের শেষে ব্য থাকলে তব্য হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষ্য/বিশেষণ হবে। **শর্টকাট: ব্য = তব্য**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
গন্তব্য	√গম্ + তব্য	মন্তব্য	√মন্ + তব্য	পঠিতব্য	√পঠ্ + তব্য
কর্তব্য	√কৃ+তব্য	দ্রষ্টব্য	√দৃশ্ + তব্য	ধর্তব্য	√ধৃ + তব্য
জ্ঞাতব্য	√জ্ঞা + তব্য	দাতব্য	√দা + তব্য	স্থাতব্য	√স্থা + তব্য
বক্তব্য	√বচ্ + তব্য	শ্রোতব্য	√শ্রু + তব্য	-	-

শব্দের শেষে নীয়/ণীয় থাকলে অনীয় হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষণ হবে। **শর্টকাট: নীয়/ণীয় = অনীয়**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
দর্শণীয়	√দৃশ্ + অনীয়	পানীয়	√পা + অনীয়	শোচনীয়	√শুচ্ + অনীয়
করণীয়	√কৃ + অনীয়	গমনীয়	√গম্ + অনীয়	ভজনীয়	√ভজ্ + অনীয়
শ্রবণীয়	√শ্রু + অনীয়	রক্ষণীয়	√রক্ষ্ + অনীয়	বচনীয়	√বচ্ + অনীয়
পালনীয়	√পালি + অনীয়	মাননীয়	√মান্ + অনীয়	গ্রহণীয়	√গ্রহ্ + অনীয়
স্মরণীয়	√স্মৃ + অনীয়	পূজনীয়	√পূজ্ + অনীয়	ছেদনীয়	√ছিদ্ + অনীয়
বহনীয়	√বহ্ + অনীয়	শিক্ষণীয়	√শিক্ষ্ + অনীয়	পঠনীয়	√পঠ্ + অনীয়
বরণীয়	√বৃ + অনীয়	ভোজনীয়	√ভুজ্ + অনীয়	-	-

শব্দের শেষে উ-কার থাকলে উ হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষণ হবে। **শর্টকাট: উ = উ**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ভিক্ষু	√ভিক্ষ্ + উ	চঞ্চু	√চঞ্চ্ + উ	লিপ্সু	√লভ্ + সন্ + উ
প্রভু	প্র + √ভূ + অ	বিভু	বি+√ভূ + উ	জুগুপ্সু	√গুপ্ + সন্ + উ
মধু	√মন্ + উ	পটু	√পাটি + উ	মুমূর্ষু	√মৃ + সন্ + উ
মঞ্জু	√মন্জ্ + উ	মুমুক্ষু	√মুচ্ + সন্ + উ	ঈপ্সু	√আপ্ + সন্ + উ

শব্দের শেষে র-ফলা থাকলে র হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষণ হবে। **শর্টকাট: র-ফলা = র**

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
হিংস্র	√হিন্স্ + র	নম্র	√নম্ + র
ক্ষিপ্র	√ক্ষিপ্+ র	শুভ্র	√শুভ্ + র

শব্দের শেষে অর্ থাকলে বর হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষ্য হবে।

শর্টকাট: অর = বর

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ভাস্বর	√ভা + বর	ঈশ্বর	√ঈশ + বর
নশ্বর	√নশ্ + বর	স্থাবর	√স্থা + বর

শব্দের শেষে ন/ণ থাকলে ন হবে এবং প্রত্যয় সাধিত শব্দটি বিশেষ্য হবে।

শর্টকাট: ন/ণ = ন

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
যত্ন	√যৎ + ন	তৃষ্ণা	√তৃষ+ ন + আ
স্বপ্ন	√স্বপ্ + ন		
ন-প্রত্যয়ের দুটি উদাহরণ: যজ্ঞ = যজ্ + ন, যাচ্ঞা = যাচ্ + ন + আ			

শব্দের শেষে আ থাকলে অ আ হবে।

শর্টকাট: আ = অ + আ

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
বাধা	√বাধ্ + অ + আ	দীক্ষা	√কূপ + অ + আ
রক্ষা	√রক্ষ্+ অ + আ	পীড়া	√পীড়্ + অ + আ
পূজা	√পূজ্ + অ + আ	শোভা	√শুভ্ + অ + আ
ব্যথা	√ব্যথি + অ + আ	তুষা	√তৃষ্ + অ + আ
ত্বরা	√ত্বর্ + অ + আ	হিংসা	√হিন্স + অ + আ
শিক্ষা	√শিক্ষ্ + অ + আ	ধারা	√ধারি + অ + আ
সেবা	√সেব্ + অ + আ	কৃপা	√কৃপ্ + অ + আ

নিপাতনে সিদ্ধ কৃৎ প্রত্যয়:

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
বুদ্ধি	√বুধ্ + ক্তি	গীতি	√গৈ + ক্তি
শক্তি	√শক্ + ক্তি	সিদ্ধি	√সিধ্ + ক্তি

Thank You